# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**01-04-2026** **Time: 7.35 AM**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) দেশজুড়ে আজ ২০২৭ সালের  জন গণনার প্রথম ধাপ শুরু হচ্ছে।

২) সুপ্রিম কোর্টে রাজ্যের এস আই আর সংক্রান্ত মামলার শুনানি আজ প্রধান বিচারপতির নেতৃত্বাধীন বেঞ্চে হওয়ার কথা।

৩) নির্বাচন কমিশন ফর্ম-সিক্স জমা করা নিয়ে তাদের অবস্থান স্পষ্ট করে জানিয়েছে, যে কেউ যত ইচ্ছা সংখ্যক এই ফর্ম জমা করতে পারেন।

৪) রানাঘাটে প্রশিক্ষণ চলাকালীন এক ভোট কর্মীকে নিগ্রহের ঘটনায় হাসখালির বিডিও-কে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

৪) কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী উত্তরবঙ্গে সামগ্রিক পরিস্থিতি অবনতির জন্য তৃণমূল কংগ্রেস সরকারকে দায়ী করেছেন।

৫) ৬০০ কোটি টাকার সাইবার প্রতারণা মামলায় গ্রেফতার হওয়া শিল্পপতি পবন রুইয়াকে আজ বিধাননগর এ সি জে এম আদালতে তোলা হবে।

oooooooooooooooooooooo

দেশজুড়ে আজ থেকে জন গণনা ২০২৭ শুরু হচ্ছে। সরকার জনগণনার প্রথম পর্বের জন্য ৩৩ টি প্রশ্নের একটি তালিকা প্রকাশ করেছে। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে ভারতের রেজিস্ট্রার জেনারেল ও জনগণনা কমিশনার মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ জানিয়েছেন, দুটি পর্বে এই গণনার কাজ চলবে। তিনি জানান, রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলির নির্ধারিত সময়সূচি অনুসারে গণনার প্রথম পর্বে আজ থেকে ৩০-শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এর মধ্যে একশো পঞ্চাশ দিন চলবে self enumeration বা নিজের সম্পর্কে তথ্য জানানোর প্রক্রিয়া। দ্বিতীয় পর্বে ৩০-শে সেপ্টেম্বর পর্যন্ত বাড়ির তালিকা তৈরির কর্মসূচি চালানো হবে। self enumeration পোর্টালের নির্দেশিকা দেশের ১৬ টি ভাষায় দেওয়া হবে। জনগণনার দ্বিতীয় পর্বে হবে জাতিগত গণনা বলে শ্রী নারায়ণ উল্লেখ করেন।

(বাইট – মৃত্যুঞ্জয়)

oooooooooooooooooooooo

সুপ্রিমকোর্টে রাজ্যের SIR সংক্রান্ত মামলার শুনানি আজ প্রধান বিচারপতি সূর্যকান্তের নেতৃত্বাধীন বেঞ্চে হবার কথা আছে । এর আগে গত ২৪শে মার্চ মামলার শুনানিতে প্রধান বিচারপতি বেঞ্চ নির্বাচন কমিশনকে ৬ ইএপ্রিলের মধ্যে যাতে এডজুডিকেশনের কাজ সম্পন্ন করা যায় সেই চেষ্টা করতে নির্দেশ দিয়েছিল। পাশাপাশি এডজুডিকেশনের তালিকা যাতে নিয়মিত প্রকাশের নির্দেশও দেওয়া হয়। অন্যদিকে SIR – এর পরিপ্রেক্ষিতে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময়সীমা বাড়ানোর যে আর্জি রাজ্যের পক্ষ থেকে জানানো হয়েছিল সে বিষয়টিও শীর্ষ আদালত বিবেচনা করার আশ্বাস দিয়েছিল।

oooooooooooooooooooooo

ফর্ম ৬ জমা দেওয়াকে কেন্দ্র করে ওঠা অভিযোগ ও বিতর্কের প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর অবস্থান স্পষ্ট করেছে। গত সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, সরকারি অফিসে যে কোনও ব্যক্তি ইচ্ছামতো সংখ্যায় নথি জমা দিতে পারেন—তার উপর কোনও বিধিনিষেধ নেই। তিনি আরো বলেছেন, ফর্ম ৬ জমা দেওয়ার প্রক্রিয়া এখন সারা বছর ধরে চলে। আগে বছরে নির্দিষ্ট কয়েকটি সময়ে এই ফর্ম জমা দেওয়া যেত, কিন্তু সংশোধিত নিয়ম অনুযায়ী এখন যে কোনও দিন আবেদন করা যায়। তবে নির্বাচনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ শর্ত রয়েছে—মনোনয়ন জমার শেষ দিনের ১০ দিন আগে পর্যন্ত যে ফর্ম জমা পড়বে এবং নিষ্পত্তি হবে, শুধুমাত্র সেগুলিই সংশ্লিষ্ট নির্বাচনের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে। একইসঙ্গে মুখ্য নির্বাচনী আধিকারিক স্পষ্ট করে দিয়েছেন, তাঁদের দফতরে এমন কোনও সফটওয়্যার বা ক্ষমতা নেই, যার মাধ্যমে সরাসরি কোনও ভোটারের নাম তালিকায় যুক্ত বা বাদ দেওয়া যায়। এ ধরনের সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হয় নির্দিষ্ট নিয়ম মেনে জেলা নির্বাচন আধিকারিক (DEO) এবং নির্বাচনী নিবন্ধন আধিকারিক (ERO)-দের মাধ্যমে। দফতরের বক্তব্য, কোনও অভিযোগ বা নথি এলে তা সংশ্লিষ্ট DEO-র কাছে পাঠানো হয় এবং আইন অনুযায়ী তদন্ত ও সিদ্ধান্ত নেওয়া হয়। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, সম্প্রতি হুগলি ও হাওড়া থেকে কিছু ব্যক্তি দফতরে এসে ফর্ম জমা দেওয়ার চেষ্টা করেন বলে অভিযোগ উঠেছে। সেই অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

এদিকে, ভোটার তালিকায় নতুন করে নাম তোলার আবেদন পত্র বা'ফর্ম ৬' জমা পড়াকে কেন্দ্র করে বিপুল অনিয়মের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মুখ্য নির্বাচন কমিশনার ইতমধ্যেই জ্ঞানেশ কুমারকে চিঠি লিখেছেন।

এর আগে SIR ইস্যুতে মুখ্যমন্ত্রী হিসাবে কমিশনকে একাধিক চিঠি দিলেও তৃণমূল কংগ্রেস চেয়ার পার্সন হিসেবে এটিই তাঁর প্রথম চিঠি।

ফর্ম ৬ জমা দেওয়া নিয়ে অভিযোগকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস পন্থী বিএলও এবং বিজেপি কর্মীদের মধ্যে বিক্ষোভ ও পাল্টা বিক্ষোভকে কেন্দ্র করে কলকাতার স্ট্র্যান্ড রোডে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের নতুন দফতর চত্বর গতকাল রণক্ষেত্রের চেহারা নেয়।

নিয়ম ভেঙে ফর্ম ৬ জমা দেওয়ার বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস পুলিশের কাছে অভিযোগ জানিয়েছে। হেয়ারস্ট্রিট থানায় গতকাল এই মর্মে লিখিত অভিযোগ দায়ের করা হয়।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন , রানাঘাটে প্রশিক্ষণ চলাকালীন এক ভোট কর্মীকে নিগ্রহের ঘটনায় হাসখালির বিডিও সায়ন্তন ভট্টাচার্যকে সাসপেন্ড করেছে। একই সঙ্গে তাঁর বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। গত সন্ধ্যায় কমিশনের তরফে এই সংক্রান্ত নির্দেশিকা জারি করে রাজ্যের মুখ্যসচিবকে অবিলম্বে তা কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে।

নির্বাচন কমিশনের পর্যবেক্ষণ, প্রশিক্ষণ কর্মসূচীর দায়িত্বে থাকা সত্ত্বেও বিডিও হিসেবে সায়ন্তন ভট্টাচার্য নির্ধারিত প্রোটোকল মানতে ব্যর্থ হয়েছেন। তাঁর এই 'গাফিলতি'র জেরেই পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায় এবং তা কমিশনের নিরপেক্ষ ও স্বচ্ছ নির্বাচন আয়োজনের প্রচেষ্টাকে প্রশ্নের মুখে ফেলেছে বলে উল্লেখ করা হয় নির্দেশিকায়।

উল্লেখ্য, এর আগেই হাসখালির বিডিওকে শোকজ নোটিস পাঠানো হয়েছিল।

যদিও বিডিও মারধরের অভিযোগ অস্বীকার করে পাল্টা সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে বিশৃঙ্খলা তৈরির অভিযোগ তুলেছিলেন।

প্রশিক্ষণ শিবিরেও আদর্শ নির্বাচনী বিধি লঙ্ঘনের অভিযোগও উঠেছে। অভিযোগ, প্রশিক্ষণের শুরুতে প্রোজেক্টরের মাধ্যমে দিঘার জগন্নাথ মন্দির-সহ রাজ্য সরকারের উন্নয়নমূলক ভিডিও এবং মুখ্যমন্ত্রীর ছবি দেখানো হচ্ছিল। এর প্রতিবাদ করতেই উত্তেজনা ছড়ায় বলে অভিযোগ।

আগেই জানানো হয়েছে, গত ২৭ মার্চ রানাঘাটের দেবনাথ ইনস্টিটিউট স্কুলে ভোটকর্মীদের প্রশিক্ষণ চলাকালীন হিংসার ঘটনা ঘটে। সেখানে সৈকত চট্টোপাধ্যায় নামে এক শিক্ষক গুরুতর জখম হন এবং এই ঘটনায় রানাঘাট থানায় এফআইআরও দায়ের করা হয়েছে। সেই প্রেক্ষিতে কমিশনের এই পদক্ষেপ।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার উত্তরবঙ্গের সামগ্রিক পরিস্থিতির অবনতিতে উদ্বেগ প্রকাশ করেছেন। তৃণমূল কংগ্রেস সরকারের একাধিক প্রশাসনিক ব্যর্থতার কারণেই এই পরিস্থিতির উদ্ভব হয়েছে বলে তিনি মন্তব্য করেন। শিলিগুড়িতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, শিলিগুড়ি ও সংলগ্ন এলাকা, যা দেশের "চিকেনস নেক" করিডর হিসেবে পরিচিত, সেখানে প্রশাসনিক অবহেলা উদ্বেগজনক। উত্তরবঙ্গের জনবিন্যাসের ভারসাম্য পরিবর্তনের চেষ্টা করা হচ্ছে বলেও তাঁর আর-ও অভিযোগ।

(বাইট -সুকান্ত)

শ্রী মজুমদার বলেছেন, পশ্চিমবঙ্গ জুড়ে কৃষকরা আজ চরম সংকটের মধ্যে রয়েছেন। আলু চাষিরা ফসলের ন্যায্য দাম পাচ্ছেন না, ফলে বড় আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন। একই সঙ্গে উত্তরবঙ্গের চা বাগানগুলির অবস্থাও অত্যন্ত শোচনীয়—বহু বাগান অবহেলিত, জমির সঠিক ব্যবহার হচ্ছে না এবং শ্রমিকরা ন্যায্য মজুরি ও সামাজিক সুরক্ষা থেকে বঞ্চিত। স্থানীয় স্বার্থ উপেক্ষা করে চা বাগানগুলি বড় কর্পোরেট গোষ্ঠীর হাতে তুলে দেওয়া হচ্ছে।

দ্বিতীয় সেবক সেতু নির্মাণের জন্য অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও গত চার বছরে কোনও উল্লেখযোগ্য অগ্রগতি হয় নি বলেও তাঁর অভিযোগ।

oooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচন ক্রমশ এগিয়ে আসছে। এর প্রেক্ষিতে রাজ্যের অন্যান্য জেলার সংগে পশ্চিম বর্ধমান জেলাতেও শুরু হয়ে গিয়েছে নির্বাচনী প্রক্রিয়া। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

(ভয়েসকাস্ট-তনুশ্রী)

oooooooooooooooo

নির্বাচন কমিশন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে কেউ যাতে ভোটারদের প্রলোভন না দেখাতে পারে তার জন্য প্রয়োজনীয় নির্দেশ দিয়েছে। এরই অঙ্গ হিসেবে আয়কর দফতর এক অভিযানে গতকাল বিপুল পরিমান অর্থ বাজেয়াপ্ত করেছে। পার্ক স্ট্রিট পুলিশ স্টেশন থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে দপ্তর তিন ব্যক্তির থেকে মোট চার কোটি ৫৪ লক্ষ ৮২ হাজার ৫০০ টাকা বাজেয়াপ্ত করেছে। এর মধ্যে চার লক্ষ ৭৫ হাজার মার্কিন ডলার, এবং তিন লক্ষ থাই - Bhat রয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সুত্রের খবর।

oooooooooooooooooooo

৬০০ কোটি টাকার সাইবার প্রতারণা মামলায় গ্রেফতার হওয়া শিল্পপতি পবন রুইয়াকে আজ বিধাননগর এ সি জে এম আদালতে তোলা হবে। পশ্চিমবঙ্গ পুলিশের সাইবার অপরাধ দমন শাখা, গতকাল নিউ টাউনের একটি হোটেলের সামনে থেকে তাঁকে গ্রেফতার করে।

২০২৪ সালে বিধাননগরের ইকো পার্ক থানায় স্বপন কুমার মণ্ডল নামে এক ব্যক্তির দায়ের করা অভিযোগের ভিত্তিতেই এই পদক্ষেপ বলে পুলিশ সূত্রে খবর।

উল্লেখ্য, শিল্পপতি পবন কুমার রুইয়া ও রাঘব কুমার রুইয়ার বিরুদ্ধে পুলিশ ৩১৫ কোটি টাকার সাইবার দুর্নীতির অভিযোগে দুটি স্বতঃপ্রণোদিত FIR দায়ের করেছিল।

oooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'অবাধ ভোটের হাতিয়ার - প্রযুক্তি 'রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং পর্যবেক্ষক সুব্রত গুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের উত্তরের জেলা এবং দক্ষিণবঙ্গের কোথাও কোথাও আজ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা থাকলেও বাকি অংশে শুষ্ক আবহাওয়া থাকার সম্ভাবনা। বাড়তে চলেছে তাপমাত্রাও। আগামী তিন দিনে কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় দিনের তাপমাত্রা কোথাও কোথাও তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে । পশ্চিমের জেলাগুলিতে এই তাপমাত্রা আরও কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট - সৌরিশ)

এদিকে আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০